আজকের কাগজ

তারিখ 12 JUN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৬

112

## আন্দোলনের সঙ্গে বিভিন্ন দলের সংহতি ঘোষণা

# শিক্ষকদের দাবিকে উপেক্ষা করে শিক্ষা জীবনকে সচল রাখা যাবে না

**কাগজ প্রতিবেদক :** বিভিন্ন সংগঠন ধর্মঘটী বেসরকারি শিক্ষকদের দাবি মেনে নিয়ে শিক্ষাঙ্গনে সৃষ্ট অচলাবস্থা দূর করার আহবান জানিয়েছেন।

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি অমল সেন ও সাধারণ সম্পাদক রাশেদ খান মেনন এক বিবৃতিতে বলেন, শিক্ষামন্ত্রীর জেদ বজায় রাখার জন্যে বেসরকারি শিক্ষা ব্যবস্থা ধ্বংস করার পদক্ষেপ দেশবাসী গ্রহণ করবে না। তারা বলেন, শিক্ষকদের দাবি বিষয়ে প্রেসনোটে বিশ্বব্যাংকের যে পূর্ব শর্তের কথা বলা হয়েছে তা নিতান্তই লজ্জাজনক। বিবৃতিতে নেতারা ধর্মঘটী শিক্ষকদের সঙ্গে পুনঃ সংহতি প্রকাশ করেন।

বাংলাদেশের কমিউনিষ্ট পার্টির সভাপতি সহিদুল্লাহ চৌধুরী ও সাধারণ সম্পাদক মুজাহিদুল ইসলাম সেলিম এক বিবৃতিতে বলেন, এই অচলাবস্থা শিক্ষা ব্যবস্থাসহ জাতীয় সামগ্রিক ক্ষতির দায় দায়িত্ব সরকারকেই বহন করতে হবে।

বাসদ কেন্দ্রিয় কমিটির সদস্য আবদুল্লাহ সরকার এক বিবৃতিতে বলেন, শিক্ষকদের ১৫ দফা দাবির প্রতি গুরুত্ব না দিয়ে সরকার শিক্ষক আন্দোলনকে বিভক্ত করার পুরনো নোংরা কৌশল অবলম্বন করছে। কিন্তু আন্দোলনের দাবিকে পাশ কাটিয়ে শিক্ষা জীবনকে সচল রাখা যাবে না।

গণতান্ত্রিক বিপ্লবী জোটের কেন্দ্রিয় সমন্বয় কমিটির এক বিবৃতিতে শিক্ষাসমাজের ন্যায্য দাবি দাওয়া সম্পর্কে সরকারের টালবাহানা, আন্দোলনরত শিক্ষকদের ওপর নির্যাতন হামলা আন্দোলনে বিভক্তি সৃষ্টিতে সরকারের অপচেষ্টা সফল হবে না।

বাংলাদেশের সাম্যবাদী দলের সাধারণ সম্পাদক দিলীপ বড়ুয়া এক বিবৃতিতে শিক্ষক ধর্মঘট সমস্যা নিরসনে প্রধানমন্ত্রীকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আহবান জানান।